

৩৫৭



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং- ০৭/২০২৩

তারিখঃ ০৯ মার্চ, ২০২৩ খ্রি।

গত ২৪ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখের সাপ্তাহিক 'চাকরির খবর' পত্রিকার প্রথম পাতার তিন নম্বর কলামে 'চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষে চাকরি, পদ সংখ্যা-৯৮' শিরোনামে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে এ ধরনের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় নাই। এ নিয়ে চাকুরী প্রত্যাশীদের মাঝে বিভ্রান্তি তৈরী হয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর সকল নিয়োগ বিজ্ঞপ্তি সবসময় বিভিন্ন বহল প্রচারিত জাতীয় ও স্থানীয় পত্রিকা এবং চবক -এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তাই নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় চবক ওয়েবসাইট (www.cpa.gov.bd) দেখে নিশ্চিত হওয়ার জন্য সকল চাকুরী প্রত্যাশীদেরকে অনুরোধ করা হলো। একই সাথে দেশের যেকোন পত্রিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ক্ষেত্রে চবক এর ওয়েবসাইট বা কর্তৃপক্ষ হতে নিশ্চিত হওয়া এবং সতর্কতা অবলম্বন করার অনুরোধ করা হলো।

৩৫৭

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- নং ১৮.০৪.০০০০.১৮১.১১.৮৮.১৮ / ৪৩

তারিখঃ ০৯ মার্চ, ২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সকল সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;
- ২। সচিব, চবক - বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের অনুরোধ জন্য অনুরোধ করা হলো;
- ৩। সিস্টেম এনালিস্ট, চবক - বিজ্ঞপ্তিটি চবক এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো ;
- ৪। চেয়ারম্যান, চবক মহোদয়ের একান্ত সহকারী- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। গার্ড ফাইল/ অফিস কপি।